# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৭৩

৪১/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জান্নাতের নহরসমূহ।

## بَابُ مَا جَاءَ فِي صِفَةِ أَنْهَارِ الْجَنَّةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ بُرَيْدِ بْنِ أَبِي مَرْيَمَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ سَأَلَ اللَّهَ الْجَنَّةَ ثَلاَثَ مَرَّاتٍ قَالَتِ الْجَنَّةُ اللَّهُمَّ أَدْخِلْهُ الْجَنَّةَ . وَمَنِ اسْتَجَارَ مِنَ النَّارِ ثَلاَثَ مَرَّاتٍ قَالَتِ النَّارُ اللَّهُمَّ أَجِرْهُ مِنَ النَّارِ " . قَالَ هَكَذَا رَوَى يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي إِسْحَاقَ هَذَا الْحَدِيثَ عَنْ بُرَيْدِ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَقَدْ رُوِيَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ بُرَيْدِ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ مَوْقُوفًا أَيْضًا .

বাংলা

২৫৭৩. হান্নাদ (রহঃ) ...... আনাস ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তি যদি আল্লাহর কাছে তিনবার জান্নাতের দু'আ করে তবে জান্নাত তখন বলে, 'হে আল্লাহ্! একে জান্নাতে দাখিল করে দাও।' আর কোন ব্যক্তি যদি জাহান্নাম থেকে তিনবার পানাহ চায় তবে জাহান্নাম বলে, 'হে আল্লাহ্! একে জাহান্নাম থেকে পানাহ দিয়ে দাও।' সহীহ, মিশকাত তাহকিক ছানী ২৪৭৮, তা'লীকুর রাগীব ৪/২২২, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৭২ [আল মাদানী প্রকাশনী]

ইউনুস (রহঃ) এ হাদীসটিকে আবূ ইসহাক (রহঃ) থেকে বুরায়দ ইবন আবূ মারয়াম-আনাস (রাঃ) সনদে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। আবূ ইসহাক-বুরায়দ ইবন আবূ মারয়াম-আনাস ইবন মালিক (রাঃ) থেকে তাঁর উক্তি হিসাবেও এটি বর্ণিত আছে।

## English

Anas bin Malik narrated that the Messenger of Allah (s.a.w) said: "Whoever asks Allah (s.w.t) Paradise three times, Paradise says: 'O Allah, admit him into Paradise', and whoever seeks refuge from the Fire three

times, the Fire says: 'O Allah, save him from the Fire.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন